



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : একাডেমিক অস্থায়ী স্বীকৃতি প্রদান

সূত্র : প্রধান শিক্ষকের ০৭-১১-২০২০ খ্রি. তারিখের আবেদন (আইডি নং-২৯৬৬)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে ০১-০১-২০২১ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য আলোচ্য বিদ্যালয়টিকে আগামী মঞ্জুরী কমিটির সভার অনুমোদন সাপেক্ষে মাধ্যমিক বিদ্যালয় হিসেবে একাডেমিক অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

আরোপিত শর্তসমূহ :

- ১। অস্থায়ী স্বীকৃতির ক্ষেত্রে পত্র প্রাপ্তির ৮০ (আশি) দিনের মধ্যে বিধিমান নিয়মিত কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য ফিসসহ অত্র বোর্ডে দাখিল করতে হবে। উল্লেখ্য যে সকল বিদ্যালয়ে অনুমোদিত নির্বাহী কমিটি আছে তাদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না। নির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার অন্তত ০১ (এক) মাস পূর্বে নিয়মিত কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য অবশ্যই বোর্ডে দাখিল করতে হবে।
- ২। গঠিত নিয়মিত কমিটির কাগজপত্রের সাথে প্রতিষ্ঠাতা এবং দাতা সদস্য থাকলে তাঁদের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে।
- ৩। স্নাতক পাস শিক্ষক/শিক্ষিকাদেরকে পর্যায়ক্রমে বি. এড. প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৪। সহপাঠ্যক্রম আরও জোরদার করতে হবে এবং পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৫। বোর্ডের পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না।
- ৬। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে।
- ৭। বিদ্যালয় অঙ্গনে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ৮। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের প্রোগ্রামারের বইয়ের তথ্য আপলোড করতে হবে।
- ৯। এসবিএ ও পিবিএম এর কার্যাবলি জোরদার করতে হবে।
- ১০। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করে লেখাপড়ার মান উন্নয়নে আরও সচেষ্ট হতে হবে।
- ১১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ১২। পাবলিক পরীক্ষার ফলাফলের গুণগতমান বৃদ্ধি এবং শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি আরও বৃদ্ধি করতে হবে।
- ১৩। বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রশ্নব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে অভ্যন্তরীণ পরীক্ষাসমূহ পরিচালনা করতে হবে।

প্রধান শিক্ষক

বি. কে. মাধ্যমিক বিদ্যালয় (ইআইআইএন-১৩৮১১৪)

ডাকঘর: পদ্মপুকুর, উপজেলা : শ্যামনগর, জেলা : সাতক্ষীরা

১৩৪৮.-

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

স্মারক নং-বিঅ-৬/৪০৯ (১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, (পলাশী নীলক্ষেত), ঢাকা।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৬। সংরক্ষণ নথি

তারিখ : ২৬/১০/২০২০

১৩৪৮.-

২৬-১০-২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৬/১০/২০২০